



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট

Web: [www.sylhetboard.gov.bd](http://www.sylhetboard.gov.bd), E-mail: [chairmanbisesyl@gmail.com](mailto:chairmanbisesyl@gmail.com)

## ‘সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন (সিটিজেনস চার্টার) ও বাস্তবায়ন কমিটি’র ১৪/১২/২০২৩ খ্রি. তারিখের সভার কার্যবিবরণী :

অদ্য ১৪/১২/২০২৩ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন কমিটি এক সভা কমিটির আহ্বায়ক ও অত্র শিক্ষা বিদ্যালয় পরিদর্শক জনাব মোহাম্মদ মঈনুল ইসলাম এর সভাপতিত্বে বোর্ডের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়।

সভায় নিম্নবর্ণিত সদস্যগণ উপস্থিত ছিলেনঃ

১. জনাব পংকজ মল্লিক, সহকারী প্রোগ্রামার।
২. জনাব মোঃ জাহাঙ্গীর আলম, সহকারী বিদ্যালয় পরিদর্শক।
৩. জনাব আজগর আলী কাজী, সেকশন অফিসার (চলতি দায়িত্ব)।
৪. জনাব সব্যসাচী রায়, উচ্চমান সহকারী।

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নিম্নোক্ত বিষয়ে আলাপ আলোচনা হয়।

আলোচ্যসূচি- ১: মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে অত্র শিক্ষা বোর্ডের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) প্রতি তিন মাস অন্তর হালনাগাদ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

সিদ্ধান্ত : মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে অত্র বোর্ডের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) প্রতি তিন মাস অন্তর হালনাগাদ করার সিদ্ধান্ত গ্রহীত হয়।

আলোচ্যসূচি- ০২ : বোর্ডের সেবা গ্রহীতাদের অবগতির লক্ষ্যে বোর্ডের সেবা সংক্রান্ত বিভিন্ন ফি এর হার বোর্ডের ওয়েব সাইটে প্রদর্শনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত : বোর্ডে আগত সেবা গ্রহীতাদের অবগতির জন্য বোর্ডের সেবা সংক্রান্ত বিভিন্ন ফি এর হার বোর্ডের ওয়েব সাইটে প্রদর্শনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা অন্তে বোর্ডের সেবা সংক্রান্ত বিভিন্ন ফি এর হার বোর্ডের ওয়েব সাইটে প্রদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান

আলোচ্যসূচি- ৩: সেবার সময় নির্ধারণ, কক্ষ নির্দেশক, বোর্ডের সৌন্দর্য বর্ধনসহ সেবাপ্রার্থীদের যানবাহন রাখার জন্য ০১ (এক) টি শেড নির্মাণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

সিদ্ধান্ত : সেবার সময় নির্ধারণ, কক্ষ নির্দেশক, বোর্ডের সৌন্দর্য বর্ধনসহ সেবাপ্রার্থীদের যানবাহন রাখার জন্য ০১ (এক) টি শেড নির্মাণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা অন্তে সেবার সময় সকাল ০৯ টা-বিকাল-০৪ ঘটিকা নির্ধারণ, কক্ষ নির্দেশক স্থাপন, বোর্ডের সৌন্দর্য বর্ধনসহ সেবাপ্রার্থীদের যানবাহন রাখার জন্য ০১ (এক) টি শেড নির্মাণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।


আলোচ্যসূচি -৪ : সেবা প্রদান বিষয়ে সেবাদাতাদের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করার আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

সিদ্ধান্ত: সেবা প্রদান বিষয়ে সেবাদাতাদের সমন্বয়ে আগামী ২১ ডিসেম্বর ২০২৩ খ্রি. তারিখে অবহিতকরণের লক্ষ্যে বোর্ডের সভাকক্ষে সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।


আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



সব্যসাচী রায়  
হিসাবরক্ষক/অডিটর  
সদস্য  
সিটিজেন্স চার্টার




আজগর আলী কাজী  
সেকশন অফিসার  
সদস্য  
সিটিজেন্স চার্টার



মোঃ জাহাঙ্গীর আলম  
সহঃ বিদ্যালয় পরিদর্শক  
সদস্য  
সিটিজেন্স চার্টার



পংকজ মল্লিক  
সহকারী প্রোগ্রামার  
সদস্য সচিব  
সিটিজেন্স চার্টার



মোহাম্মদ মঈনুল ইসলাম  
বিদ্যালয় পরিদর্শক  
আস্থায়ক  
সিটিজেন্স চার্টার